বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন (বিএফআইডিসি)

১. **ভূমিকা:** বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন পরিবেশ ও বন মন্ত্রনালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান। ১৯৫৯ সালের ৩ অক্টোবর তারিখে প্রকাশিত ৬৭ নং অধ্যাদেশ বলে বর্তমান বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন (BFIDC) প্রতিষ্ঠিত হয়। এটি দেশের অন্যতম প্রাচীন রাষ্ট্রায়ত্ত সংস্থা। এর প্রধান কার্যালয় ৭৩, মতিঝিল বাণিজ্যিক এলাকায় নিজস্ব ভবনে অবস্থিত। ১৯৬০-৬১ সনে কাপ্তাইস্থ কাঠ (লগ) আহরণ প্রকল্পের মাধ্যমে বিএফআইডিসি'র যাত্রা শুরু হয়। সরকারি সিদ্ধান্ত অনুযায়ী ১৯৬১-৬২ সালে বনবিভাগ হতে কর্পোরেশনের কাছে দেশের রাবার চাষ ও এর উন্নয়নের কার্যক্রম ন্যস্ত করা হয়। দেশের বনভুমি থেকে বনজ সম্পদ আহরণ, কাঠ ভিত্তিক শিল্প প্রতিষ্ঠান গড়ে তোলা, বনজ সম্পদের সর্বোত্তম ব্যবহার, প্রক্রিয়াজাত করা এবং রাবার বাগান সৃষ্টি, কাঁচা রাবার উৎপাদন ও বাজারজাত করা এর অন্যতম উদ্দেশ্য।

২. **ভিশন (Vision)**

রাবার ও কাঠ শিল্পকে টেকসই ও লাভজনক করা।

৩. **মিশন (Mission)**

গবেষণা ও উন্নয়ন, কার্যকর প্রযুক্তির ব্যবহার, দক্ষতা অর্জন ও মানসম্মত সেবার মাধ্যমে রাবার ও কাঠ শিল্পকে টেকসই করা এবং বিএফআইডিসিকে একটি প্রতিযোগিতামূলক কর্পোরেট প্রতিষ্ঠানে উন্নীত করা ।

৪. **কৌশলগত উদ্দেশ্যসমূহ**

- রাবার চাষ সম্প্রসারণ ও উন্নতমানের রাবার উৎপাদন;
- আসবাবপত্র ও কাঠজাত পন্য উৎপাদন;
- বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের জনবলের দক্ষতা বৃদ্ধি।

৫. **প্রধান কার্যাবলি**

- নার্সারি ও পুনঃবাগান সৃজন;
- ল্যাটেক্স সংগ্রহ ও প্রক্রিয়াকৃত ল্যাটেক্স হতে রাবার সীট (আর.এস.এস.) তৈরিকরণ ;
- উৎপাদিত রাবার স্থানীয় বাজারে বিক্রি ও বৈদেশিক বাজারে রপ্তানি;
- বিভিন্ন সরকারি বেসরকারি প্রতিষ্ঠান হতে সারবরাহ আদেশ সংগ্রহ ও চাহিদা অনুযায়ি আসবাবপত্র ও কাঠজাত পণ্য উৎপাদন;
- আসবাবপত্র সরবরাহ ও বিক্রয়।

৬. **বিগত তিন বছরের অর্জন**

- সভ্যতার বিকাশে রাবার একটি অত্যাবশ্যকীয় পণ্য বিশ্বে প্রাকৃতিক রাবার থেকে মানুষের দৈনন্দিন ব্যবহার্য ও অত্যাবশ্যকীয় প্রায় ৪৬০০০ পণ্য উৎপাদিত হচ্ছে। বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন সরকারি সিদ্ধান্ত অনুযায়ী ১৯৬২ সাল হতে রাবার চাষ করে আসছে। এরই ধারাবাহিকতায় নতুন বাগান সৃজন/পুনঃবাগান সৃজন এর লক্ষ্যে বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন এর নিজস্ব অর্থায়নে প্রায় ৪৩.৮০ একর জমিতে নার্সারি সৃজন এবং বিগত তিন বছরে ১৭০০ একর পুনঃবাগান সৃজন করা হয়েছে যা আগামী ০৭ (সাত) বছরে উৎপাদনে আসবে;
- এছাড়াও চট্টগ্রামে রাঙ্গুনিয়ায় ৫৫০ একর জমিতে ৫৯২.৩১ লক্ষ টাকা ব্যয়ে নতুন রাবার বাগান সৃজন করা হয়েছে;
- বাংলাদেশে রাবার চাষের উন্নয়নের ক্ষেত্রে রাবার বোর্ড নতুন দিগন্তের সূচন করেছে যা বর্তমান গণতান্ত্রিক সরকারের রুপকল্প-২০৪১ বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। ইতোপূর্বে রাবার কাঠ জ্বালানী কাঠ হিসেবে ব্যবহৃত হতো;
- বর্তমানে বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনতিনটি প্রসেসিং ইউনিটের মাধ্যমে রাবার কাঠকে ট্রিটমেন্ট করে আসবাবপত্র তৈরীর কাজ করছে;
- বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন ইতোমধ্যে সরকারের এ-টু-আই প্রকল্পের সহায়তায় কর্পোরেশনের ওয়েব-সাইট স্থাপন এবং জাতীয় ওয়েব পোর্টাল-এর সংঙ্গে সংযোগ স্থাপন করা হয়েছে;
- গত ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থ বছরে ৫০১৮ মেঃ টন রাবার ভারতে রপ্তানি করা হয়। এতে ৭৯.২৯ লক্ষ মার্কিন ডলার আয় হয়েছে এবং ২০১৯-২০ অর্থবছরে এ আয়ের পরিমাণ প্রায় ১২৭৮০২৯ মার্কিন ডলার।

৭. **সমস্যা ও চ্যালেঞ্জসমূহ**

- ২০১০-১১ সন হতে রাবার বিক্রির উপর ১৫% ভ্যাট এবং টেন্ডারে বিক্রির ক্ষেত্রে আয়কর ও সেবা খাতে আরও ৯%সহ মোট ২৪% কর আরোপ করায় এবং বিদেশ থেকে রাবার আমদানীর ক্ষেত্রে আমদানী শুল্ক ১৫% থেকে ৫% এ কমিয়ে আনায় বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন কর্তৃক উৎপাদিত রাবার আশানুরুপ বিক্রয় হচ্ছে না;
- এছাড়া পার্বত্য চট্টগ্রামে ব্যক্তি মালিকানার উৎপাদিত মোট ৮০% রাবারের উপর সরকার কর্তৃক ভ্যাট রেয়াত প্রদানের কারনে এবং অপরদিকে বিএফআইডিসি এর উৎপাদিত রাবারের উপর ভ্যাট প্রযোজ্য থাকায় বিএফআইডিসি'র

উৎপাদিত রাবার দেশীয় ও আন্তর্জাতিক বাজারে তুলনামূলক প্রতিযোগী অবস্থান তৈরীতে অসুবিধাজনক অবস্থানে রয়েছে। এছাড়াও গত দুই বছরে আন্তর্জাতিক বাজারে রাবারের মূল্য অস্বাভাবিক হ্রাস পেয়েছে;

- কর্পোরেশনের উৎপাদিত রাবারের বাজার-এর সীমাবদ্ধতা আছে। বিএফআইডিসি এর অধিকাংশ কারখানা ও যন্ত্রপাতি অনেক পুরাতন হওয়ায়, দুর্বল ও অপ্রতুল অবকাঠামো এবং দক্ষ জনবলের অভাব থাকায় রাবারের গুনগত মানের সীমাবদ্ধতা রয়েছে। উচ্চ ফলনশীল জাতের রাবার ক্লোনের দুষ্প্রাপ্যতার কারণে উন্নতমানের রাবার বাগান সৃজন সম্ভব হচ্ছে না;
- আইসিটি (ICT) কার্যক্রম পরিচালনায় দক্ষ জনবলের অভাব রয়েছে। বিএফআইডিসি তে অনুমোদিত পদের তুলনায় কর্মরত জনবলের সংখ্যা অনেক কম।স্থানীয় বাজার সহ আন্তর্জাতিক প্রতিযোগিতা মূলক বাজারে টিকে থাকা, উৎপাদিত রাবারের মানোন্নয়ন, আধুনিক প্রযুক্তির মাধ্যমে কারখানার আধুনিকায়ন, আধুনিক প্রযুক্তি ব্যবহারের জন্য জনবলকে দক্ষ করে তোলা বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন এর জন্য চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে;
- প্রভাবশালী মহল দ্বারা বিভিন্ন রাবার বাগানের জমির জবর দখল বিএফআইডিসি'র জন্য একটি অন্যতম চ্যালেঞ্জ;
- সর্বোপরি বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনকে একটি মুনাফা ভিত্তিক প্রতিষ্ঠানে পরিণত করাই বিএফআইডিসি এর প্রধান চ্যালেঞ্জ।

৮. সংস্থার KPI (Key Performance Indicator)

- বাগান সৃজন;
- রাবার বিক্রয়; এবং
- আসবাবপত্র উৎপাদন ও ক্রেতার নিকট সরবরাহ।

৯. ভবিষ্যৎ পরিকল্পনা

- রুপকল্প-২০৪১ অনুযায়ী ২০২১ সালের মধ্যে বন বিভাগ হতে জমি লিজ পাওয়া সাপেক্ষে ১৭ হাজার একর জমিতে নতুন বাগান সৃজন করণ;
- রাবার গাছ অন্যান্য গাছের তুলনায় অধিক কার্বন শোষণ করে বিধায় ১৪ টি রাবার বাগানে ৩৮.৫৬ লক্ষ গাছ হতে কার্বন শোষণের মাধ্যমে জলবায়ুর ভারসাম্য রক্ষায় অবদান;
- নতুন প্রেসার ট্রিটমেন্ট প্ল্যান্টস্থাপনের মাধ্যমে রাবার কাঠের অধিকতর ব্যবহার নিশ্চিত করণ;
- রাবার শিল্প কারখানা স্থাপনের মাধ্যমে বিএফআইডিসি'র উৎপাদিত নিজস্ব রাবার ব্যবহার সম্প্রসারণ;
- শিল্প কারখানা আধুনিকায়নের মাধ্যমে উন্নত ও আধুনিক আসবাবপত্র তৈরি করে প্রতিযোগিতামূলক বাজারে দৃঢ় অবস্থান সৃষ্টি করা।

১০. সংস্থার ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেট, ২০২০-২১ অর্থবছরের সংশোধিত ও অনুমোদিত বাজেট এবং ২০১৯-২০ অর্থবছরের মোট আয়, মোট ব্যয় মুনাফা/ঘাটতি-

প্রধান কার্যালয়

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	সাময়িক ২০১৯-২০
১	২	৩	৪	৫	৬
১	মোট আয়	২০০১.০০	২২০০.৫০	১৮৮৩.৩৫	২৫৩৬.৯৪
২	মোট ব্যয়	১৪৮২.৫০	১১২৫.২৫	১৩৯৩.০০	৯৫৭.৪৫
৩	নীট মুনাফা/ঘাটতি	৫১৮.৫০	১০৭৫.২৫	৪৯০.৩৫	১৫৭৯.৪৯

প্রতিষ্ঠানসমূহ একত্রে

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	সাময়িক ২০১৯-২০
১	২	৩	৪	৫	৬
১	মোট আয়	২২৩৩৪.২৭	২১৩৪২.৫৬	১৮৭৫৭.১৪	১৪৯১৮.৫৩
২	মোট ব্যয়	২২৩০৯.০৩	২১২৯৮.১২	২০২২৩.২৩	২০১৪২.২১
৩	নীট মুনাফা/ঘাটতি	২৫.২৪	৪৪.৪৪	-১৪৬৬.০৯	-৫২২৩.৬৮

১১. প্রধান কার্যালয়ের বাজেট পর্যালোচনা

ক. আয় ও ব্যয়

প্রধান কার্যালয়ের ব্যয় নির্বাহের জন্য কর্পোরেশন তার নিয়ন্ত্রণাধীন ইউনিটসমূহের উপর লেভি ধার্য করে থাকে। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত উভয় বাজেটে লেভির লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে ৮.০০ কোটি টাকা। ধার্যকৃত লেভীসহ ২০২০-২১ অর্থবছরের সংশোধিত এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে যথাক্রমে ২২.০১ কোটি ও ২০.০১ কোটি টাকা মোট আয় প্রাক্কলন করা হয়েছে। ২০১৯-২০ অর্থবছরে ইউনিটসমূহ হতে সংগৃহিত লেভির পরিমাণ ছিল ৮.৯২ কোটি টাকা ও মোট আয়ের পরিমাণ ছিল ২৫.৩৭ কোটি টাকা। ২০২০-২১ ও ২০২১-২২ অর্থবছরে সংস্থার প্রধান কার্যালয়ের ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ১১.২৫ কোটি ও ১৪.৮৩ কোটি টাকা। ফলে ২০২০-২১ এবং ২০২১-২২ অর্থবছরে ব্যয় উদ্বৃত্ত আয়ের পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ১০.৭৫ ও ৫.১৯ কোটি টাকা। ২০১৯-২০ অর্থবছরে সংস্থার ব্যয়ের পরিমাণ ছিল ৯.৫৭ কোটি টাকা এবং ব্যয় উদ্বৃত্ত আয়ের পরিমাণ ছিল ১৫.৭৯ কোটি টাকা।

খ. তহবিল প্রবাহ

সংস্থার ২০২০-২১ ও ২০২১-২২ অর্থবছরের বাজেটে যথাক্রমে ২০০.৩৯ কোটি ও ১৭৫.১৫ কোটি টাকা তহবিল সংগৃহীত হবে বলে হিসাব করা হয়েছে এবং আয়কর প্রদান ও বিনিয়োগ পরবর্তী যথাক্রমে ১৮২.৪৬ কোটি ও ১৫১.৯৫ কোটি টাকা সমাপনী নগদ ও ব্যাংক স্থিতি থাকবে বলে ধারণা করা হয়েছে। ২০১৯-২০ অর্থবছরে সংস্থার সংগৃহীত তহবিল ছিল ২০৫.০৯ কোটি টাকা এবং তহবিল ব্যবহার পরবর্তী সমাপনী নগদ ও ব্যাংক স্থিতি ছিল ১৯২.২৪ কোটি টাকা।

গ. মূলধন কাঠামো

৩০ জুন ২০২০ তারিখে কর্পোরেশনের প্রধান কার্যালয়ে মোট সম্পদের পরিমাণ ছিল ৩৬৫.৬৪ কোটি টাকা এবং সংস্থার ঋণ ও মূলধন অনুপাত ছিল ৪৬:৫৪। ৩০ জুন, ২০২০ তারিখে সংস্থার চলতি ও ত্বরিত সম্পদ উভয় অনুপাত ছিল ২.৪৫:১। ৩০ জুন ২০২১ ও ৩০ জুন ২০২২ তারিখে কর্পোরেশনের মোট সম্পদ ও মোট দায় হ্রাস পেয়ে যথাক্রমে ৩৫৬.৩৪ কোটি ও ৩২৯.৫১ কোটি টাকায় দাঁড়াবে বলে প্রাক্কলন করা হয়েছে।

ঘ.জনবল

২০১৯-২০ অর্থবছরে সংস্থার মোট জনবল ছিল ১০৯ জন এবং বেতন ও ভাতাদি বাবদ ব্যয় হয় ৬.৪৭ কোটি টাকা। ২০২০-২১ ও ২০২১-২২ অর্থবছরে প্রত্যাশিত জনবল হিসাব করা হয়েছে যথাক্রমে ১১৮ জন ও ১২২ জন। ফলে বেতন ও ভাতাদি যথাক্রমে ৬.৭৫ কোটি ও ৭.৭০ কোটি টাকা হবে বলে প্রাক্কলন করা হয়েছে। ২০২০-২১ ও ২০২১-২২ অর্থবছরে কর্মীপ্রতি গড় বেতন ও ভাতাদির পরিমাণ প্রাক্কলন করা হয়েছে যথাক্রমে ৫,৭২,১৬১ টাকা ও ৬,৩১,১৪৮ টাকা। ২০১৯-২০ অর্থবছরে কর্মীপ্রতি গড় বেতন ও ভাতাদির পরিমাণ ছিল ৫,৯৩,৯৯১ টাকা।

১২. ইউনিটসমূহের বাজেট পর্যালোচনা

ক.পরিচালন বৃত্তান্ত

কর্পোরেশনের সামগ্রিক কার্যক্রমকে ২ টি শ্রেণীতে ভাগ করা যায়। অ) শিল্প সেক্টর ও আ) রাবার সেক্টর।

অ. শিল্প সেক্টর

শিল্প সেক্টরের অধীনে ১৪ টি কাঠভিত্তিক শিল্প ইউনিট ছিল। বর্তমানে এ সেক্টরের অধীনে ৮ টি শিল্প ইউনিট চালু রয়েছে এবং ২ টি নতুন ইউনিট স্থাপনের কার্যক্রম শুরু করা হয়েছে। উৎপাদিত পণ্যের ভিত্তিতে শিল্প ইউনিটকে চার ভাগে ভাগ করা যায়।

১. গোল কাঠ; ২. চিড়াই কাঠ; ৩. ট্রিটেড টিম্বার; এবং ৪. ফার্নিচার ও অন্যান্য।

বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের ০৮টি শিল্প ইউনিটের বিবরণঃ-

ক্রমিক নং	শিল্প ইউনিট এর নাম	স্থাপন কাল	জমির পরিমান	স্থায়ী সম্পদের পরিমান	উৎপাদিত পণ্য
১	ক্যাবিনেট ম্যানুফ্যাকচারীং প্লান্ট, মিরপুর, ঢাকা।	১৯৬২-৬৩	২.২৬ একর	৬৫৮.৭৪ লক্ষ	আসবাবপত্র
২	ইষ্টার্ণ উড ওয়াকস, তেজগাওঁ, ঢাকা।	১৯৭২-৭৩	০.৬৬ একর	৩৬.০৯ লক্ষ	আসবাবপত্র
৩	ফিডকো ফার্নিচার কমপ্লেক্স, কালুরঘাট, চট্টগ্রাম।	১৯৬৪-৬৫	৪.৮০ একর	৪৮.৫৫ লক্ষ	আসবাবপত্র
৪	কাষ্ঠ সংরক্ষর ইউনিট, কালুরঘাট।	১৯৬১-৬২	১৪ একর	৮১.৩৭ লক্ষ	ট্রিটমেন্ট ও সিজন্ড রাবার কাঠ চেরাই ও আসবাবপত্র
৫	ক্যাবিনেট ম্যানুফ্যাকচারীং, কালুরঘাট,চট্টগ্রাম।	১৯৬২-৬৩	২.২৫ একর	৮১.৩৭ লক্ষ	আসবাবপত্র
৬	সাঙ্গুমাতামহরী, কাঠ আহরন ইউনিট,কালুরঘাট।	১৯৬০-৬১	২৩.০৭	৮১.৭৭ লক্ষ	কাঠ আহরণ
৭	লাম্বার প্রসেসিং কমফপ্লক্স কাপ্তাই, রাঙ্গামাটি, পার্বত্য জেলা।	১৯৬৬-৬৭	২৪.১০ একর	৩৫.০৭ লক্ষ	ট্রিটমেন্ট ও সিজন্ড রাবার কাঠ চেরাই ও আসবাবপত্র
৮	প্রেসার ট্রিটমেন্ট প্লান্ট	২০১২-১৮	২.৩৮ একর	১৩৭০.৯৯ লক্ষ	ট্রিটমেন্ট ও সিজনিং (রাবার কাঠ) এবং আসবাবপত্র তৈরি

আ. রাবার সেক্টর

রাবার সেক্টরের অধীনে মূলত রাবার চাষ, আহরণ, প্রকিয়াজাতকরণ ও বাজারজাতকরণ করা হয়। বর্তমানে এ বাগানসমূহ থেকে উৎপাদিত রাবার দেশের মোট চাহিদার প্রায় ৬৫% পূরণ করে থাকে। পরিবেশ দূষণ ও মাটির ক্ষয়রোধে রাবার চাষের বিরাট ভূমিকা রয়েছে। রাবার বাগানসমূহ পাহাড়ি ও দুর্গম এলাকায় হওয়ায় তা কর্মসংস্থানের মাধ্যমে সম্পদের সুষম বণ্টনে বিরাট ভূমিকা পালন করে আসছে। এছাড়া রাবার বাগানের পরিত্যক্ত গাছসমূহ কর্পোরেশনের অন্যান্য (ফার্নিচার) ইউনিটে সরবরাহ করা হয়। রাবার চাষ একটি দীর্ঘ মেয়াদী প্রকল্প। রাবার গাছ লাগানোর কমপক্ষে ৭ বৎসর পর হতে রাবার উৎপাদন শুরু হয় এবং প্রায় ৩০ বছর উক্ত উৎপাদন অব্যাহত থাকে।

বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের ১৮টি রাবার বাগানের অবস্থান, জমির পরিমাণ, বগান সৃজন ও উৎপাদন সম্পর্কিত তথ্যাদি:

(ক) চট্টগ্রাম জোন (৯টি বাগান) :

ক্রমিক নং	বাগানের নাম	অবস্থান	এলাকার পরিমান (একর)	বাগানের পরিমান (একর)	বাগান সৃজন বছর	উৎপাদন শুরুর বছর
১	রামু রাবার বাগান	রামু, কক্সবাজার	২৬৮২.৬৮	২১৩১.০০	১৯৬১-৮৮	১৯৬৮
২	রাউজান রাবার বাগান	রাউজান, চট্টগ্রাম	১৭৪৯.০০	১৩৭৮.০০	১৯৬১-৮৮	১৯৬৮
৩	ডাবুয়া রাবার বাগান	রাউজান, চট্টগ্রাম	২৪১৭.০৮	২১২০.০০	১৯৬৯-৮৮	১৯৭৬
৪	হলুদিয়া রাবার বাগান	রাউজান, চট্টগ্রাম	২৮৫৭.৮৫	২২৪৬.০০	১৯৮৩-৮৮	১৯৯১
৫	কাঞ্চননগর রাবার বাগান	হোয়াখো, ফটিকছড়ি, চট্টগ্রাম	১৩০৬.২৯	১১৩০.০০	১৯৮৩-৮৮	১৯৯১
৬	রাঙ্গামাটিয়া রাবার বাগান	হোয়াখো, ফটিকছড়ি, চট্টগ্রাম	১৪১৭.২৯	১২৪১.০০	১৯৮৩-৮৮	১৯৯১
৭	তারাখো রাবার বাগান	হোয়াখো, ফটিকছড়ি, চট্টগ্রাম	২৯৪০.০০	২৪০৬.০০	১৯৮৩-৮৮	১৯৯১
৮	দাতমারা রাবার বাগান	হোয়াখো, ফটিকছড়ি, চট্টগ্রাম	৪৬৮৯.০০	৩৯৬৫.০০	১৯৭০-৮৮	১৯৭৮
৯	রাউজান-রাঙ্গুনিয়া রাবার বাগান	রাঙ্গুনিয়া, চট্টগ্রাম	৬৩৫.৫০	৬৩৩.০০	২০১২-১৩	২০১৮
	উপমোট=		**২০০৫৯.০০**	**১৬৬১৭.০০**		

সিলেট জোন (৪টি বাগান):

ক্র: নং	বাগানের নাম	অবস্থান	এলাকার পরিমান (একর)	বাগানের পরিমান (একর)	বাগান সৃজন (সন)	উৎপাদন শুরুর সন
১	ভাটেরা রাবার বাগান	কুলাউড়া,মৌলভীবাজার	২৫৪২.০০	২৪৬৭.০০	১৯৬৬-৮৮	১৯৭৪
২	সাতগাঁও রাবার বাগান	শ্রীমঙ্গল,মৌলভীবাজার	১৮৩৩.০০	১৭৪৪.০০	১৯৭১-৮৮	১৯৭৯
৩	শাহাজীবাজার রাবার বাগান	মাধবপুর, হবিগঞ্জ	২১০৪.০০	২০৪০.০০	১৯৮০-৮৮	১৯৮৮
৪	রূপাইছড়া রাবার বাগান	পুটিজুড়ি, বাহুবল, হবিগঞ্জ	১৯৬৩.২২	১৮৩২.০০	১৯৭৭-৮৮	১৯৮৫
	উপমোট=		**৮৪৪২.২২**	**৮০৮৩.০০**		

টাংগাইল-শেরপুর জোন (৫টি বাগান):

ক্র: নং	বাগানের নাম	অবস্থান	এলাকার পরিমান (একর)	বাগানের পরিমান (একর)	বাগান সৃজন (সন)	উৎপাদন শুরুর সন
১	পীরগাছা রাবার বাগান	মধুপুর,টাংগাইল	৩০১০.০০	২৯০৬.০০	১৯৮৭-৯৭	১৯৮৬
২	চাঁদপুর রাবার বাগান	মধুপুর,টাংগাইল	২৩৮৯.০০	২৩৭৯.০০	১৯৮৯-৯৭	১৯৯৭
৩	সন্তোষপুর রাবার বাগান	ফুলবাড়িয়া, ময়মনসিংহ	১০৯৩.১৬	১০৩৬.০০	১৯৮৯-৯৭	১৯৯৭
৪	কমলাপুর রাবার বাগান	মধুপুর,টাংগাইল	১০৩৫.০০	৯৯৪.০০	১৯৮৯-৯৭	১৯৯৭
৫	কর্ণঝোড়া রাবার বাগান	শ্রীবর্দী, শেরপুর	৬২৫.০০	৬২০.০০	১৯৮৯-৯৭	১৯৯৭
	উপমোট=		৮১৫২.১৬	৭৯৩৫.০০		
	সর্বমোট=		**৩৬৬৫৪.০৭**	**৩২৬৩৫.০০**		

খ. একীভূত পরিচালন বৃত্তান্ত (সকল পণ্য)

বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন আহরিত গোল কাঠ, চিড়াইকৃত কাঠ, ট্রিটেড টিম্বার, ফার্নিচার ও অন্যান্য পণ্য এবং রাবার বিক্রয়ের মাধ্যমে রাজস্ব আয় করে থাকে। বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের ২০২০-২১ সংশোধিত বাজেটে ও ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরের বাজেটে যথাক্রমে ২০৮.৫২ কোটি ও ২১৮.৯১ কোটি টাকা বিক্রয় রাজস্বের বিপরীতে যথাক্রমে ২১২.৯৮ কোটি ও ২২৩.০৯ কোটি টাকা বিক্রিত দ্রব্যের মোট ব্যয় হবে বলে ধারণা করা হয়েছে। ফলে ২০২০-২১ ও ২০২১-২২ অর্থবছরের বাজেটে পরিচালন লোকসান প্রাক্কলন করা হয়েছে যথাক্রমে ৪.৪৬ কোটি ও ৪.১৮ কোটি টাকা। ২০১৯-২০ অর্থবছরে সংস্থার ১৩৯.৭২ কোটি টাকা আয়ের বিপরীতে বিক্রিত দ্রব্যের মোট ব্যয় ছিল ২০১.৪২ কোটি টাকা এবং পরিচালন ঘাটতি ছিল ৬১.৭০ কোটি টাকা।

গ.মুনাফা ও তহবিল প্রবাহ

২০২০-২১ সংশোধিত বাজেটে ও ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে সংস্থার যথাক্রমে ০.৪৪ কোটি ও ০.২৫ কোটি টাকা নীট মুনাফা হবে বলে ধারণা করা হয়েছে। ২০১৯-২০ অর্থবছরে সংস্থার নীট লোকসানের পরিমাণ ছিল ৫২.২৪ কোটি টাকা। সংস্থা ২০২০-২১ ও ২০২১-২২ অর্থবছরে যথাক্রমে ৮.৩০ কোটি ও ১০.৬৫ কোটি টাকা তহবিল সংগ্রহের বিপরীতে যথাক্রমে ১৭.৩০ কোটি ও ৪৩.২১ কোটি টাকার তহবিল প্রয়োগের প্রাক্কলন করা হয়েছে। ২০২০-২১ ও ২০২১-২২ অর্থবছরের তহবিল ঘাটতির পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ৯.০১ কোটি ও ৩২.৫৫ কোটি টাকা। ২০১৯-২০ অর্থবছরে -৪৭.৪২ কোটি টাকা তহবিল সংগ্রহের বিপরীতে বিভিন্ন খাতে ৬.৮৫ কোটি টাকা প্রয়োগের পর তহবিল ঘাটতির পরিমাণ ছিল -৫৪.২৮ কোটি টাকা।

ঘ. মূল্যসংযোগ ও উৎপাদনশীলতা

ক্রমিক নং	বিবরণ	একক	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	সাময়িক ২০১৯-২০
১.	পরিচালন মুনাফা/ লোকসান	লক্ষ টাকা	-৪১৭.৫৬	-৪৪৫.৮৬	-৬১৭০.০৪
২.	অবচয়	"	৫৪০.২৩	৫৩৫.০৭	৪৮১.২০
৩.	বেতন ও ভাতাদি	"	১০২৯৬.৭৯	৯৭০৪.৬৮	৯৬৮৯.১১
৪.	মোট মূল্যসংযোগ (১+২+৩)	লক্ষ টাকা	১০৪১৯.৪৬	৯৭৯৩.৮৯	৪০০০.২৭
৫.	কর্মচারীর সংখ্যা	জন	৪৪৪২	৪৪৪২	৪০৯৯
৬.	কর্মচারী প্রতি মূল্যসংযোগ	টাকা	২৩৪৫৬৭	২২০৪৮৪	৯৭৫৯১

২০২০-২১ সংশোধিত বাজেট ও ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরের বাজেটে সংস্থার মোট মূল্যসংযোগ প্রাক্কলন করা হয়েছে যথাক্রমে ৯৭.৯৪ কোটি ও ১০৪.১৯ কোটি টাকা। ২০১৯-২০ অর্থবছরে সংস্থার মূল্যসংযোগের পরিমাণ ছিল ৪০.০০ কোটি টাকা। ২০২০-২১ ও ২০২১-২২ অর্থবছরের বাজেটে কর্মীপ্রতি মূল্যসংযোগ প্রাক্কলন করা হয়েছে যথাক্রমে ২,২০,৪৮৪ টাকা ও ২,৩৪,৫৬৭ টাকা করে। ২০১৯-২০ অর্থবছরে কর্মীপ্রতি মূল্যসংযোগের পরিমাণ ছিল ৯৭,৫৯১ টাকা।

ঙ. বিনিয়োগ ও সঞ্চয়

ক্রমিক নম্বর	বিবরণ	একক	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	সাময়িক ২০১৯-২০
১.	বিনিয়োগ	লক্ষ টাকা	৪৩২০.৫২	১৭৩০.১৫	৬৮৫.২৬
২.	সংরক্ষিত আয় (নীট মুনাফা বাদ লভ্যাংশ)	"	২৫.২৪	৪৪.৪৪	-৫২২৩.৬৮
৩.	অবচয়	"	৫৪০.২৩	৫৩৫.০৭	৪৮১.২০
৪.	মোট সঞ্চয় (২+৩)	লক্ষ টাকা	৫৬৫.৪৭	৫৭৯.৫১	-৪৭৪২.৪৮

২০২০-২১ ও ২০২১-২২ অর্থবছরে বিনিয়োগের পরিমাণ প্রাক্কলন করা হয়েছে যথাক্রমে ১৭.৩০ কোটি ও ৪৩.২১ কোটি টাকা। ২০১৯-২০ অর্থবছরে বিনিয়োগের পরিমাণ ছিল ৬.৮৫ কোটি টাকা। ২০২০-২১ ও ২০২১-২২ অর্থবছরের বাজেটে মোট সঞ্চয় প্রাক্কলন করা হয়েছে যথাক্রমে ৫.৮০ কোটি টাকা ও ৫.৬৫ কোটি টাকা। ২০১৯-২০ অর্থবছরে সংস্থার সঞ্চয়ের পরিমাণ ছিল -৪৭.৪২ কোটি টাকা।

চ. মূলধন কাঠামো

৩০ জুন ২০২০ খ্রি. তারিখের স্থিতিপত্র অনুযায়ী কর্পোরেশনের প্রতিষ্ঠানসমূহের মোট সম্পদের ও মোট দায়ের পরিমাণ ১০৩৫.৫০ কোটি টাকা এবং ঋণ মূলধন অনুপাত ৭০:৩০। একই তারিখে সংস্থার চলতি অনুপাত ১.২৮:১ এবং ত্বরিত সম্পদ অনুপাত ১.২০:১। ৩০ জুন, ২০২০ ও ৩০ জুন, ২০২১ তারিখে সংস্থার মোট সম্পদ বৃদ্ধি পেয়ে যথাক্রমে ১১২২.৩৬ কোটি ও ১২৪০.৩২ কোটি টাকা হবে বলে অনুমান করা হয়েছে।

ছ. রাষ্ট্রীয় কোষাগারে দেয়

কর্পোরেশন আমদানি শুল্ক, ভ্যাট, আবগারী কর, বিক্রয় কর, উন্নয়ন সারচার্জ ও সরকারী ঋণের সুদ ইত্যাদি বাবদ ২০২০-২১ সংশোধিত বাজেট ও ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরের বাজেটে যথাক্রমে ২১.২৮ কোটি ও ১৬.৩২ কোটি টাকা জমা প্রদান করবে বলে প্রাক্কলন করা হয়েছে। ২০১৯-২০ অর্থবছরে রাষ্ট্রীয় তহবিলে জমার পরিমাণ ছিল ১৫.৮৬ কোটি টাকা।

জ.জনবল

২০২০-২১ সংশোধিত ও ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরের উভয় বাজেটে সংস্থার জনবল প্রাক্কলন করা হয়েছে ৩৪৪২ জন করে। ২০২০-২১ ও ২০২১-২২ অর্থবছরের বাজেটে বেতন ও ভাতাদি খাতে ব্যয়ের প্রাক্কলন করা হয়েছে যথাক্রমে ৯৭.০৫ কোটি ও ১০২.৯৭ কোটি টাকা। ২০১৯-২০ অর্থবছরে সংস্থার জনবল ছিল ৪০৯৯ জন এবং বেতন ও ভাতাদি খাতে ব্যয়ের পরিমাণ ছিল ৯৬.৮৯ কোটি টাকা। ২০২০-২১ ও ২০২১-২২ অর্থবছরের বাজেটে কর্মীপ্রতি গড় বেতন হিসাব করা হয়েছে যথাক্রমে ২,১৮,৪৭৫.০০ টাকা ও ২,৩১,৮০৫.০০ টাকা। ২০১৯-২০ অর্থবছরে কর্মীপ্রতি গড় বেতন ছিল ২,৩৬,৩৭৭.০০ টাকা।

প্রতিটি খাতে ব্যয়ের ক্ষেত্রে আর্থিক বিধি-বিধান অনুসরণ করতে হবে।

বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন

প্রধান কার্যালয়

প্রাক্কলিত আয় ও ব্যয় ২০২১-২২

(লাখ টাকায়)

বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	সাময়িক ২০১৯-২০
আয়				
১ . ইউনিটসমূহ হতে লেভি সংগ্রহ	৮০০.০০	৮০০.০০	১১৮২.৩৫	৮৯২.৩০
২ . সরকারি অনুদান	০.০০	০.০০	০.০০	০.০০
৩ . বৈদেশিক অনুদান	০.০০	০.০০	০.০০	০.০০
৪ . লাইসেন্স ফি, কর ইত্যাদি	০.০০	০.০০	০.০০	০.০০
৫ . রেজিস্ট্রেশন ও বার্ষিক ফি	০.০০	০.০০	০.০০	০.০০
৬ . সেবার জন্য প্রাপ্য ফি	০.০০	০.০০	০.০০	০.০০
৭ . প্রকাশনা বিক্রয়	০.০০	০.০০	০.০০	০.০০
৮ . ব্যবসায়িক মুনাফা	০.০০	০.০০	০.০০	০.০০
৯ . প্রাপ্য সুদ	১০০০.০০	১৩০০.০০	৫০০.০০	১৪৭৬.০১
১০ . প্রাপ্য ভাড়া	২০০.০০	১০০.০০	২০০.০০	১৬৪.৭৩
১১ . অন্যান্য	১.০০	০.৫০	১.০০	৩.৯০
১২ . মোট আয়	২০০১.০০	২২০০.৫০	১৮৮৩.৩৫	২৫৩৬.৯৪
ব্যয়				
১৩ . বেতন ও ভাতাদি	৭৭০.০০	৬৭৫.১৫	৮০১.৫০	৬৪৭.৪৫
১৪ . কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন ফান্ড	১৪২.০০	১২০.০০	১৫০.০০	১১৭.৬২
১৫ . মেরামত ও রক্ষণাবেক্ষণ	৬৬.০০	৬০.০০	৫০.০০	৩২.৪০
১৬ . অবচয়	৩০.০০	৩০.০০	৩০.০০	২৮.৫৭
১৭ . প্রশিক্ষণ	১৫০.০০	২০.০০	১০.০০	৩.৬৩
১৮ . সিএনজি, পেট্রল, অকটেন , লুব্রিকেণ্ট ও অন্যান্য	৩০.০০	২৫.০০	৩০.০০	১৭.৬৫
১৯ . সমাজ কল্যাণ ব্যয়	১১.০০	৭.০০	১০.০০	২.৬৯
২০ . উপদেষ্টা নিয়োগের জন্য ব্যয়	২৫.০০	২৫.০০	০.০০	০.০০
২১ . ভর্তুকি	০.০০	০.০০	০.০০	০.০০
২২ . পরিশোধিতব্য সুদ	০.০০	০.০০	০.০০	০.০০
২৩ . অন্যান্য	২৫৮.৫০	১৬৩.১০	৩১১.৫০	১০৭.৪৪
২৪ . মোট ব্যয়	১৪৮২.৫০	১১২৫.২৫	১৩৯৩.০০	৯৫৭.৪৫
২৫ . মাথাপিছু ব্যয় (সুদ ব্যতীত) (টাকা)	১২১৫১৬৩.৯৩	৯৫৩৬০১.৬৯	৮৯৮৭০৯.৬৮	৮৭৮৩৯৪.৫০
২৬ . হেড অফিস ও ইউনিটের ব্যয় হার	৬.৬৫	৫.২৮	৬.৮৯	৪.৭৫
২৭ . ব্যয় উদ্বৃত্ত আয়/(ঘাটতি)	৫১৮.৫০	১০৭৫.২৫	৪৯০.৩৫	১৫৭৯.৪৯

বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন

প্রধান কার্যালয়

প্রাক্কলিত মুনাফা ও তহবিল প্রবাহ ২০২১-২২ **(লাখ টাকায়)**

বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	সাময়িক ২০১৯-২০
তহবিলের উৎস				
১. প্রারম্ভিক নগদ ও ব্যাংক স্থিতি	১৮,২৪৬.১৩	১৯,২২৩.৯৮	১১,১৮৭.৩৫	২২,৮৪৫.৭৯
২. ব্যয় উদ্বৃত্ত আয়	৫১৮.৫০	১,০৭৫.২৫	৪৯০.৩৫	১,৫৭৯.৪৯
৩. অবচয়	৩০.০০	৩০.০০	৩০.০০	২৮.৫৭
৪. অন্যান্য (নগদ ব্যতীত)	২০০.০০	২০০.০০	৩০০.০০	২০.০০
৫. প্রাপ্য নতুন মূলধন	০.০০	০.০০	০.০০	০.০০
৬. প্রাপ্য ঋণ	০.০০	০.০০	০.০০	০.০০
৭. স্থায়ী পরিচালন সম্পত্তি বিক্রয়	০.০০	০.০০	০.০০	০.০০
৮. অন্যান্য স্থায়ী সম্পত্তি বিক্রয়	০.০০	০.০০	০.০০	০.০০
৯. ব্যাংক ওভারড্রাফট বৃদ্ধি	০.০০	০.০০	০.০০	০.০০
১০. পাওনাদারসহ অন্যান্য চলতি দায় বৃদ্ধি	-১,৫০০.০০	-৫০০.০০	-৩,০০০.০০	-৪,০৯৭.৩৫
১১. অন্যান্য	২০.০০	১০.০০	৩০.০০	১৩২.৭২
১২. মোট তহবিল সংগ্রহ	১৭,৫১৪.৬৩	২০,০৩৯.২৩	৯,০৩৭.৭০	২০,৫০৯.২২
তহবিলের প্রয়োগ				
১৩. আয়কর	৩০০.০০	৩৫০.০০	৩০০.০০	১৩৮.৯৩
১৪. পূর্ববর্তী বৎসরের সমন্বয়	১,৫২১.৫০	১,২৬৫.২৫	১,৫১১.০০	৯৪০.৬৫
১৫. সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০
১৬. স্থায়ী পরিচালন সম্পত্তিতে বিনিয়োগ	৩৯৮.৫০	৭৭.৮৫	৩০৪.৮৫	১০৫.৬৬
১৭. অন্যান্য স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ	০.০০	০.০০	০.০০	০.০০
১৮. দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ	০.০০	০.০০	০.০০	০.০০
১৯. মজুদসহ অন্যান্য চলতি সম্পদ বৃদ্ধি	০.০০	০.০০	০.০০	০.০০
২০. সমাপনী নগদ ও ব্যাংক স্থিতি	১৫,১৯৪.৬৩	১৮,২৪৬.১৩	৪,৮২১.৮৫	১৯,২২৩.৯৮
২১. অন্যান্য	০.০০	০.০০	২,০০০.০০	০.০০
২২. মোট তহবিল প্রয়োগ	১৭,৫১৪.৬৩	২০,০৩৯.২৩	৯,০৩৭.৭০	২০,৫০৯.২২
২৩. নীট তহবিল বৃদ্ধি/(ঘাটতি)	০.০০	০.০০	০.০০	০.০০

বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন

প্রধান কার্যালয়

প্রাক্কলিত স্থিতিপত্র জুন **২০২২** **(লাখ টাকায়)**

বিবরণ	বাজেট ৩০ জুন ২০২২	সংশোধিত ৩০ জুন ২০২১	সাময়িক ৩০ জুন ২০২০
মূলধন ও দায়			
১. মূলধন	০.০০	০.০০	০.০০
২. সংরক্ষিত তহবিল	২১২৩৭.৪২	২০৭১৮.৯২	১৯৬৪৩.৬৭
৩. ইক্যুইটি	২১২৩৭.৪২	২০৭১৮.৯২	১৯৬৪৩.৬৭
৪. দীর্ঘমেয়াদি দায়	৩৯৭৫.১৮	৩৯৭৫.১৮	৩৯৭৫.১৮
৫. চলতি দায়	৭৭৩৮.৫৮	১০৯৪০.০৮	১২৯৪৫.৩৩
৬. মোট দায়	১১৭১৩.৭৬	১৪৯১৫.২৬	১৬৯২০.৫১
৭. মোট তহবিল	৩২৯৫১.১৮	৩৫৬৩৪.১৮	৩৬৫৬৪.১৮
মূলধন কাঠামো ও লিকুইডিটি অনুপাত			
৮. ঋণ মূলধন অনুপাত	৩৬ : ৬৪	৪২ : ৫৮	৪৬:৫৪
৯. চলতি অনুপাত	৩.৫৮ : ১	২.৮১ : ১	২.৪৫ : ১
১০. তবরিত সম্পদ অনুপাত	৪.২৬ : ১	৩.২৬ : ১	২.৪৫ : ১
সম্পত্তিসমূহ			
১১. ব্যবসা পরিচালনার স্থাবর সম্পত্তি	১৪৯৬.৩১	১০৯৭.৮১	১০১৯.৯৬
১২. বাদ : ক্রমপুঞ্জিত অবচয়	৬০.০০	৩০.০০	০.০০
১৩. নীট স্থাবর সম্পত্তি	১৪৩৬.৩১	১০৬৭.৮১	১০১৯.৯৬
১৪. অন্যান্য স্থাবর সম্পত্তি	৩৮১২.৯১	৩৮১২.৯১	৩৮১২.৯১
১৫. চলতি সম্পদ	২৭৭০১.৯৬	৩০৭৫৩.৪৬	৩১৭৩১.৩১
১৬. মোট সম্পদ	৩২৯৫১.১৮	৩৫৬৩৪.১৮	৩৬৫৬৪.১৮

বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন

প্রধান কার্যালয়

কর্মীর বিবরণ

কর্মীর সংখ্যা												
কর্মীর শ্রেণি	**বাজেট ২০২১-২২**			**সংশোধিত বাজেট ২০২০-২১**			**সাময়িক ২০১৯-২০**		**বাজেট ২০২১-২২**			
	অনুমোদিত পদ	বর্তমান সংখ্যা	প্রত্যাশিত সংখ্যা	অনুমোদিত পদ	বর্তমান সংখ্যা	প্রত্যাশিত সংখ্যা	অনুমোদিত পদ	বর্তমান সংখ্যা	মূল বেতন	ভাতাদি	মোট বেতন ও ভাতাদি	কর্মী প্রতি গড় (টাকা)
১	**২**	**৩**	**৪**	**৫**	**৬**	**৭**	**৮**	**৯**	**১০**	**১১**	**১২**	**১৩**
১. কর্মচারী (গ্রেড ১-৫)	১৮	১০	১২	১৮	১০	১২	১৮	৮	৯৮.০০	১২০.০০	২১৮.০০	১,৮১৬,৬৬৭
২. কর্মচারী (গ্রেড ৬-৯)	২৭	১৫	১৭	২৭	১৫	১৬	২৭	১৭	৬৫.০০	৬২.০০	১২৭.০০	৭৪৭,০৫৯
৩. কর্মচারী (গ্রেড ১০)	১৫	৫	৮	১৫	৪	৫	১৫	৪	১৭.০০	১৫.০০	৩২.০০	৪০০,০০০
৪. উপ-মোট (১+২+৩)	৬০	৩০	৩৭	৬০	২৯	৩৩	৬০	২৯	১৮০.০০	১৯৭.০০	৩৭৭.০০	১,০১৮,৯১৯
৫. কর্মচারী(গ্রেড ১১-২০)	১৩৪	৭২	৮০	১৩৪	৭২	৮০	১৩৪	৭৫	১৯২.০০	১৮৭.০০	৩৭৯.০০	৪৭৩,৭৫০
৬. দক্ষ শ্রমিক	৫	৫	৫	৫	৫	৫	৫	৫	৮.০০	৬.০০	১৪.০০	২৮০,০০০
৭. আধা-দক্ষ শ্রমিক	০	০	০	০	০	০	০	০	০.০০	০.০০	০.০০	০
৮. অদক্ষ শ্রমিক	০	০	০	০	০	০	০	০	০.০০	০.০০	০.০০	০
৯. অনিয়মিত শ্রমিক	০	০	০	০	০	০	০	০	০.০০	০.০০	০.০০	০
১০. উপ-মোট (৫+...+৮)	১৩৯	৭৭	৮৫	১৩৯	৭৭	৮৫	১৩৯	৮০	২০০.০০	১৯৩.০০	৩৯৩.০০	৪৬২,৩৫৩
১১. মোট (৪+৯+১০)	১৯৯	১০৭	১২২	১৯৯	১০৬	১১৮	১৯৯	১০৯	৩৮০.০০	৩৯০.০০	৭৭০.০০	৬৩১,১৪৮

বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন

প্রধান কার্যালয়

কর্মীর বিবরণ

বেতন ওভাতাদি (লাখ টাকায়)											
সংশোধিত বাজেট ২০২০-২১				অনুমোদিত বাজেট ২০২০-২১				সাময়িক ২০১৯-২০			
মূল বেতন	ভাতাদি	মোট বেতন ও ভাতাদি	কর্মী প্রতি গড় (টাকা)	মূল বেতন	ভাতাদি	মোট বেতন ও ভাতাদি	কর্মী প্রতি গড় (টাকা)	মূল বেতন	ভাতাদি	মোট বেতন ও ভাতাদি	কর্মী প্রতি গড় (টাকা)
১৪	**১৫**	**১৬**	**১৭**	**১৮**	**১৯**	**২০**	**২১**	**২২**	**২৩**	**২৪**	**২৫**
৯০.০০	১০৫.০০	১৯৫.০০	১৬২৫০০০	৯৫.০০	৯২.০০	১৮৭.০০	১২৪৬৬৬৭	৮৬.০০	১০২.০০	১৮৮.০০	২৩৫০০০০
৫৮.০০	৫৫.০০	১১৩.০০	৭০৬২৫০	১০৫.০০	৯৫.০০	২০০.০০	৮০০০০০	৬৩.৮৮	৬২.০০	১২৫.৮৮	৭৪০৪৭১
১৫.০০	১২.০০	২৭.০০	৫৪০০০০	৪০.০০	৩৩.০০	৭৩.০০	৪৮৬৬৬৭	১০.০০	৮.০০	১৮.০০	৪৫০০০০
১৬৩.০০	১৭২.০০	৩৩৫.০০	১০১৫১৫২	২৪০.০০	২২০.০০	৪৬০.০০	৮৩৬৩৬৪	১৫৯.৮৮	১৭২.০০	৩৩১.৮৮	১১৪৪৪১৪
১৬২.০০	১৬৫.১৫	৩২৭.১৫	৪০৮৯৩৮	১৬৯.৫০	১৬০.০০	৩২৯.৫০	৩৪৬৮৪২	১৫৩.০০	১৫৪.৫০	৩০৭.৫০	৪১০০০০
৮.০০	৫.০০	১৩.০০	২৬০০০০	৭.০০	৫.০০	১২.০০	২৪০০০০	৪.২২	৩.৮৫	৮.০৭	১৬১৪০০
০.০০	০.০০	০.০০	০	০.০০	০.০০	০.০০	০	০.০০	০.০০	০.০০	০
০.০০	০.০০	০.০০	০	০.০০	০.০০	০.০০	০	০.০০	০.০০	০.০০	০
০.০০	০.০০	০.০০	০	০.০০	০.০০	০.০০	০	০.০০	০.০০	০.০০	০
১৭০.০০	১৭০.১৫	৩৪০.১৫	৪০০১৭৬	১৭৬.৫০	১৬৫.০০	৩৪১.৫০	৩৪১৫০০	১৫৭.২২	১৫৮.৩৫	৩১৫.৫৭	৩৯৪৪৬৩
৩৩৩.০০	৩৪২.১৫	৬৭৫.১৫	৫৭২১৬১	৪১৬.৫০	৩৮৫.০০	৮০১.৫০	৫১৭০৯৭	৩১৭.১০	৩৩০.৩৫	৬৪৭.৪৫	৫৯৩৯৯১

বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন

প্রধান কার্যালয়

তফসিল-ক

বেতন ও ভাতাদি (লাখ টাকায়)

ক্রমিক নম্বর	অর্থনৈতিক কোড	বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	সাময়িক ২০১৯-২০
১.		কর্মচারীদের বেতন (গ্রেড ১-১০)	১৮০.০০	১৬০.০০	২১৫.০০	১৫৬.৮৮
২.		কর্মচারীদের বেতন (গ্রেড ১১-২০)	২০০.০০	১৭০.০০	২৪৫.০০	১৫৭.২২
৩.		চিকিৎসা ভাতা	২০.০০	১৮.০০	১৬.০০	১৮.৫০
৪.		বাড়ি ভাড়া ভাতা	২২০.০০	১৮৭.০০	২৭০.০০	১৯০.৪৬
৫.		টিফিন ভাতা	২.০০	২.০০	২.০০	১.৮৫
৬.		ধোলাই ভাতা	১.৫০	১.০০	১.৫০	০.৭০
৭.		মজুরি	৭.০০	৮.০০	৭.০০	৯.৬৬
৮.		যাতায়ত ভাতা	৩.০০	২.৮০	২.০০	২.৬০
৯.		উৎসব ভাতা	৫৫.০০	৫৫.০০	৬৪.০০	৪৭.৩০
১০.		শ্রান্তি বিনোদন ভাতা	১০.০০	১০.০০	১০.০০	১০.৫০
১১.		শিক্ষা সহায়ক ভাতা	৪.০০	৩.১৫	৪.০০	৩.০০
১২.		মোবাইল এলাউন্স	১.০০	১.২০	১.০০	১.১০
১৩.		বাংলা নববর্ষ ভাতা	৮.০০	৭.০০	৮.০০	৪.৬০
১৪.		ছুটি নগদায়ন	২০.০০	১৮.০০	২০.০০	১১.৫৮
১৫.		টেলিফোন বিল	২.৫০	২.০০	০.০০	২.০০
১৬.		গাড়ি রক্ষণাবেক্ষণ ভাতা	৩৬.০০	৩০.০০	৩৬.০০	২৯.৫০
১৭.		**উপ-মোট (১+...+১৬)**	**৭৭০.০০**	**৬৭৫.১৫**	**৯০১.৫০**	**৬৪৭.৪৫**
১৮.		প্রদেয় ভবিষ্য তহবিল	২২.০০	২০.০০	৩০.০০	১৭.৬২
১৯.		পেনশন ও গ্র্যাচুইটি	১২০.০০	১০০.০০	১২০.০০	১০০.০০
২০.		**উপ-মোট (১৬+১৯)**	**১৪২.০০**	**১২০.০০**	**১৫০.০০**	**১১৭.৬২**
২১.		**মোট (১৬+২০)**	**৯১২.০০**	**৭৯৫.১৫**	**১০৫১.৫০**	**৭৬৫.০৭**

তফসিল-খ

মেরামত ও রক্ষণাবেক্ষণ (লাখ টাকায়)

ক্রমিক নম্বর		বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	সাময়িক ২০১৯-২০
১.		ইলেকট্রিক চার্জ	২০.০০	২০.০০	২০.০০	১৮.৪৩
২.		অফিস ভবন	২০.০০	২০.০০	১৫.০০	২.৫৬
৩.		যানবাহন	১২.০০	১০.০০	১২.০০	৯.১৫
৪.		অফিস সরঞ্জাম	২.০০	৩.০০	২.০০	০.৬২
৫.		পিএবিএক্স এবং সাবস্টেশন	৫.০০	১.০০	১.০০	০.০০
৬.		লিফট	২.০০	২.০০	২.০০	০.৮৮
৭.		কম্পিউটার মেরামত	২.০০	২.০০	২.০০	০.০০
৮.		জেনারেটর মেরামত	১.০০	১.০০	১.০০	০.৭৬
৯.		বিবিধ	২.০০	১.০০	২.০০	০.০০
১০.		**মোট (১+..... +৯)**	**৬৬.০০**	**৬০.০০**	**৫৭.০০**	**৩২.৪০**

বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন
প্রধান কার্যালয়

তফসিল-গ

অন্যান্য ব্যয় (লাখ টাকায়)

ক্রমিক নম্বর		বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	সাময়িক ২০১৯-২০
১.		আপ্যায়ন ব্যয়	৮.০০	৭.০০	৮.০০	৬.৮০
২.		পোশাক পরিচ্ছদ	৬.০০	৬.০০	৪.০০	১.৯৬
৩.		ধোলাই খরচ	০.৫০	০.৫০	০.৫০	০.২০
৪.		সিটি কর্পোরেশনের কর	১০.০০	১০.০০	১০.০০	৮.৭০
৫.		মুদ্রণ ও লেখ সামগ্রী	১৫.০০	১০.০০	১৫.০০	৮.১৪
৬.		সম্মানী	১০.০০	৮.০০	৫.০০	৩.৪০
*৭.		পোস্টেজ, টেলিফোন এবং টেলিগ্রাম	৬.০০	৫.০০	৮.০০	২.৪৯
৮.		আইন খরচ	৫.০০	৫.০০	৬.০০	৩.০০
৯.		নিরীক্ষা ফি	২.০০	১.৫০	১.০০	১.২০
১০.		বিমা ও রোড ট্যাক্স	৬.০০	৬.০০	৬.০০	০.৭৭
১১.		ব্যাংক চার্জ	৫.০০	৩.০০	৫.০০	০.৫২
১২.		পানি চার্জ	৫.০০	৫.০০	৫.০০	৪.২২
১৩.		কনফারেন্স ব্যয়	২.০০	১.০০	২.০০	০.৬৮
১৪.		ব্যবসা উন্নয়ন ব্যয়	২.০০	২.০০	৫.০০	০.০০
১৫.		অফিস জেনারেল	২.০০	২.০০	৩.০০	০.১৫
১৬.		পরিবহণ ভাড়া	২০.০০	২০.০০	২০.০০	১৮.০০
১৭.		ভুমি উন্নয়ন কর	১.০০	১.০০	২০.০০	০.০০
১৮.		ভ্রমণ ভাতা (দেশ বিদেশ)	২০.০০	১০.০০	২৫.০০	১৪.৬৫
১৯.		অধিকাল ব্যয়	২৫.০০	২০.০০	৩০.০০	২৩.৩১
২০.		গ্রুপ বিমা প্রিমিয়াম	৫.০০	২.০০	৫.০০	০.০০
২১.		ডকুমেন্টারি ফিল্মস	২.০০	০.১০	২.০০	০.০০
২২.		প্রচার ও বিজ্ঞাপন	৫.০০	৪.০০	৬.০০	১.৭০
২৩.		বই এবং সাময়িকী	২.০০	১.০০	২.০০	০.৫১
২৪.		বাণিজ্য মেলায় অংশগ্রহণ	১৫.০০	০.০০	৩০.০০	০.০০
২৫.		চাঁদা ও অনুদান/ কল্যাণ	২.০০	২.০০	২.০০	০.৪০
২৬.		নিয়োগ সংক্রান্ত ব্যয়	৩০.০০	৫.০০	৬০.০০	০.০০
২৭.		আন্তর্জাতিক মেলায় অংশ গ্রহণ	৫.০০	২.০০	৫.০০	০.০০
২৮.		জেনারেটরের জ্বালানি	৩.০০	২.০০	৩.০০	১.১২
২৯.		কম্পিউটার যন্ত্রাংশ ও সফটওয়্যার	৫.০০	৫.০০	৫.০০	০.০০
৩০.		রাবার মেলা/বৃক্ষ মেলা	৩.০০	৩.০০	৩.০০	১.৯০
৩১.		আইসিটি খাতে ব্যয়	১০.০০	২.০০	১০.০০	০.৭২
৩২.		লাইব্রেরি ও বই	২.০০	১.০০	২.০০	০.০০
৩৩.		শিষ্টাচার/ শুদ্ধাচার	৬.০০	৩.০০	৫.০০	২.৯০
৩৩.		সম্ভাব্যতা যাচাই	১০.০০	৫.০০	১০.০০	০.০০
৩৪.		উদ্ভাবন	৩.০০	৩.০০	০.০০	০.০০
৩৫.		এপিএ	৫.০০	৫.০০	০.০০	০.০০
		মোট (১+.....+৩৫)	**২৬৩.৫০**	**১৬৮.১০**	**৩২৮.৫০**	**১০৭.৪৪**

*** প্রতিটি খাতে ব্যয়ের ক্ষেত্রে আর্থিক বিধি-বিধান অনুসরণ করতে হবে।**

বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন
প্রধান কার্যালয়

তফসিল-ঘ

বিনিয়োগ (পরিচালন ও অন্যান্য স্থায়ী সম্পদ) (লাখ টাকায়)

ক্রমিক নম্বর		বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	সাময়িক ২০১৯-২০
১.		ভবন নির্মাণ	০.০০	০.০০	১০.০০	০.০০
২.		অফিস ইকুপমেন্ট				
		ক. ইলেকট্রিক মিটার	০.৫০	০.৫০	০.৫০	০.০০
		খ.এয়ার কুলার	২.৫০	২.০০	২.৫০	০.০০
		গ. ফটোকপিয়ার	২.৫০	৫.০০	২.৫০	০.০০
		ঘ. আইপিএস	১.০০	০.৬০	১.০০	০.০০
		ঙ. মাল্টিমিডিয়া	২.০০	১.০০	১.০০	০.৫০
		চ. কনফারেন্স মাইক্রোফোন সিস্টেম	৭.০০	৭.০০	০.০০	০.০০
৩.		যানবাহন	১০০.০০	০.০০	২০০.০০	৬৮.০০
৪.		আসবাবপত্র	৫.০০	৫.০০	৫.০০	০.০০
৫.		অভ্যন্তরীণ সাজসজ্জা (decoration)	৩০.০০	২০.০০	৬.০০	০.০০
৬.		সাব স্টেশন	৫.০০	১.০০	৫.০০	০.০০
৭.		কম্পিউটার,প্রিন্টার, ফ্যাক্স	১০.০০	৫.০০	৫.০০	০.০০
৮.		পিএবিএক্স	৫.০০	১.০০	৫.০০	০.০০
৯.		ইন্টারকম লাইন স্থাপন	২.০০	২.০০	২.০০	০.০০
১০.		বিবিধ	১.০০	১.০০	৬.০০	০.৩০
১১.		লিফট	০.০০	০.০০	১০.০০	৩৬.২৬
১২.		জেনারেটর	৩.০০	০.০০	৩.০০	০.০০
১৩.		ক্রোকারিজ	১.০০	১.০০	০.২০	০.০০
১৪.		মোবাইল	১.০০	০.৭৫	০.১৫	০.০০
১৫.		পানির লাইন নির্মাণ	০.০০	০.০০	০.০০	০.০০
১৬.		বিদ্যুতায়ন (নতুন)	২০.০০	৫.০০	৪০.০০	০.০০
১৭.		**মোট(১+.....+১৬)**	**১৯৮.৫০**	**৫৭.৮৫**	**৩০৪.৮৫**	**১০৫.০৬**
১৮.		গৃহ নির্মাণ ঋণ	২০০.০০	২০.০০	২০০০.০০	০.৬০
১৯.		**মোট (১৭+১৮)**	**৩৯৮.৫০**	**৭৭.৮৫**	**২৩০৪.৮৫**	**১০৫.৬৬**

* কর্পোরেশন/সংস্থার নিজস্ব অর্থায়নে পরিচালনার স্থায়ী ও অন্যান্য স্থায়ী সম্পদ কিংবা প্রকল্প বিনিয়োগের ক্ষেত্রে সরকারের যথাযথ অনুমোদন এবং নিয়মনীতি পালন সাপেক্ষে সংশ্লিষ্ট খাতে বাজেটে বরাদ্দকৃত অর্থ ব্যয় করা যেতে পারে।

বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন
ইউনিটসমূহ
প্রাক্কলিত পরিচালন বৃত্তান্ত ২০২১-২২

গোল কাঠ (লগ)

বিবরণ	একক	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	সাময়িক ২০১৯-২০
পরিমাণ					
১. প্রারম্ভিক মজুদ	লাখ ঘনফুট	০.০০	০.০০	০.০০	০.০০
২. উৎপাদন/আহরণ	লাখ ঘনফুট	০.৩৭	০.৩৭	০.৩৭	০.৩৭
৩. আমতঃ প্রকল্প ক্রয়	লাখ ঘনফুট	১.১৯	১.১৯	১.১৪	০.৮৫
৪. অপচয়ের পরিমাণ	লাখ ঘনফুট	০.০০	০.০০	০.০০	০.০০
৫. অপচয়ের হার	%	০.০০	০.০০	০.০০	০.০০
৬. সমাপনী মজুদ	লাখ ঘনফুট	০.০০	০.০০	০.০০	০.০০
৭. আমতঃ প্রকল্প বিক্রয়	লাখ ঘনফুট	১.৫৬	১.৫৬	১.৫১	১.৬০
৮. - মোট বিক্রয়ের অংশ	%	১০০.০০	১০০.০০	১০০.০০	৮০.৮১
৯. বিক্রয়	লাখ ঘনফুট	০.০০	০.০০	০.০০	০.৩৮
১০. - মোট বিক্রয়ের অংশ	%	০.০০	০.০০	০.০০	১৯.১৯
১১. মোট বিক্রয়	লাখ ঘনফুট	১.৫৬	১.৫৬	১.৫১	১.৯৮
রাজস্ব					
১২. আমতঃ প্রকল্প বিক্রয়	লাখ টাকা	৮১১.৪২	৮১২.৮৫	৭৯৯.১২	৫৩১.৫১
১৩. - একক প্রতি মূল্য	টাকা/	৫২০.১৪	৫২১.০৬	৫২৯.২২	২৬৮.৪৪
১৪. বিক্রয় রাজস্ব	লাখ টাকা	০.০০	০.০০	০.০০	০.০০
১৫. -একক প্রতি মূল্য	টাকা/ঘনফুট	০.০০	০.০০	০.০০	০.০০
১৬. মোট বিক্রয় রাজস্ব	লাখ টাকা	৮১১.৪২	৮১২.৮৫	৭৯৯.১২	৫৩১.৫১
১৭. -একক প্রতি গড় মূল্য	টাকা/ঘনফুট	৫২০.১৪	৫২১.০৬	৫২৯.২২	২৬৮.৪৪

বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন
ইউনিটসমূহ
প্রাক্কলিত পরিচালন বৃত্তান্ত ২০২১-২২

গোল কাঠ (লগ)

বিবরণ	একক	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	সাময়িক ২০১৯-২০
ব্যয়					
১৮ . প্রারম্ভিক মজুদ	লাখ টাকা	০.০০	০.০০	০.০০	০.০০
১৯ . রয়্যালটি	লাখ টাকা	০.০০	০.০০	০.০০	০.০০
২০ . -একক প্রতি রয়্যালিটি	টাকা/ঘনফুট	০.০০	০.০০	০.০০	০.০০
২১ . ঠিকাদার ব্যয়	লাখ টাকা	০.০০	০.০০	০.০০	০.০০
২২ . -একক প্রতি ব্যয়	টাকা/ঘনফুট	০.০০	০.০০	০.০০	০.০০
২৩ . জবালানি ও বিদ্যুৎ ব্যয়	লাখ টাকা	৬.৬১	৫.৯৫	৬.৪০	৩৩.৩৬
২৪ . -একক প্রতি ব্যয়	টাকা/ঘনফুট	১৭.৮৬	১৬.০৮	১৭.৩০	৯০.১৬
২৫ . অভ্যমতরীণ কাঠ ক্রয়	লাখ টাকা	১৬৯.৪৩	১৬৫.৪০	১৬৪.০০	১১৭.৯৮
২৬ . - একক প্রতি ব্যয়	টাকা/ঘনফুট	৪৫৭.৯২	৪৪৭.০৩	৪৪৩.২৪	৩১৮.৮৬
২৭ . বাহির হতে কাঠ ক্রয়	লাখ টাকা	৩৬৮.৮২	৩৫৫.০০	৩৫৭.০০	৩৬.৪৫
২৮ . - একক প্রতি ব্যয়	টাকা/ঘনফুট	৯৯৬.৮১	৯৫৯.৪৬	৯৬৪.৮৬	৯৮.৫১
২৯ . মেরামত ও রক্ষণাবেক্ষণ	লাখ টাকা	৩.৫৪	৩.৫৪	৩.৪৩	১.২০
৩০ . -একক প্রতি ব্যয়	টাকা/ঘনফুট	৯.৫৭	৯.৫৭	৯.২৭	৩.২৪
৩১ . অন্যান্য পরিবর্তনশীল ব্যয়	লাখ টাকা	৫৪.৮০	৫২.৮০	৫৩.০৪	২৫.৬৫
৩২ . মোট পরিবর্তনশীল ব্যয়	লাখ টাকা	৬০৩.২০	৫৮২.৬৯	৫৮৩.৮৭	২১৪.৬৪
৩৩ . - একক প্রতি ব্যয়	টাকা/ঘনফুট	১৬৩০.২৭	১৫৭৪.৮৪	১৫৭৮.০৩	৫৮০.১১
৩৪ . কারখানা স্থায়ী ব্যয়	লাখ টাকা	২৪.৭৭	২২.৫৫	২৩.৯৮	৯.২৭
৩৫ . -একক প্রতি ব্যয়	টাকা/ঘনফুট	৬৬.৯৫	৬০.৯৫	৬৪.৮১	২৫.০৫
৩৬ . মোট ব্যয়	লাখ টাকা	৬২৭.৯৭	৬০৫.২৪	৬০৭.৮৫	২২৩.৯১
৩৭ . - একক প্রতি ব্যয়	টাকা/ঘনফুট	১৬৯৭.২২	১৬৩৫.৭৮	১৬৪২.৮৪	৬০৫.১৬
৩৮ . সমাপনী মজুদ	লাখ টাকা	০.০০	০.০০	০.০০	০.০০
৩৯ . বিক্রিত দ্রব্যের ব্যয়	লাখ টাকা	৬২৭.৯৭	৬০৫.২৪	৬০৭.৮৫	২২৩.৯১
৪০ . -একক প্রতি ব্যয়	টাকা/ঘনফুট	১৬৯৭.২২	১৬৩৫.৭৮	১৬৪২.৮৪	৬০৫.১৬
৪১ . প্রশাসনিক ও বিক্রয় ব্যয়	লাখ টাকা	১১৮.৭৯	১১৮.৭৮	১১৪.৯৮	৯১.৬৪
৪২ . বিক্রিত দ্রব্যের মোট ব্যয	লাখ টাকা	৭৪৬.৭৬	৭২৪.০২	৭২২.৮৩	৩১৫.৫৫
৪৩ . - একক প্রতি ব্যয়	টাকা/ঘনফুট	২০১৮.২৭	১৯৫৬.৮১	১৯৫৩.৫৯	৮৫২.৮৪
৪৪ . পরিচালন উদ্বৃত্ত/(ঘাটতি)	লাখ টাকা	৬৪.৬৬	৮৮.৮৩	৭৬.২৯	২১৫.৯৬
৪৫ . -একক প্রতি উদ্বৃত্ত/(ঘাটতি)	টাকা/ঘনফুট	১৭৪.৭৬	২৪০.০৮	২০৬.১৯	৫৮৩.৬৮

বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন

ইউনিটসমূহ

প্রাক্কলিত পরিচালন বৃত্তান্ত ২০২১-২২

চিরাইকৃত কাঠ

বিবরণ	একক	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	সাময়িক ২০১৯-২০
পরিমাণ					
১. প্রারম্ভিক মজুদ	লাখ ঘনফুট	০.০০	০.০০	০.০০	০.০০
২. উৎপাদন/আহরণ	লাখ ঘনফুট	০.১৩	০.১৩	০. ৫	০. ৩
৩. আমতঃ প্রকল্প ক্রয়	লাখ ঘনফুট	০.০০	০.০০	০.০০	০.০০
৪. অপচয়ের পরিমাণ	লাখ ঘনফুট	০.০০	০.০০	০.০০	০.০০
৫. অপচয়ের হার	%	০.০০	০.০০	০	০
৬. সমাপনী মজুদ	লাখ ঘনফুট	০.০০	০.০০	০.০০	০.০০
৭. আমতঃ প্রকল্প বিক্রয়	লাখ ঘনফুট	০.০০	০.০০	০.০০	০.০০
৮. - মোট বিক্রয়ের অংশ	%	০.০০	০.০০	০	০
৯. বিক্রয়	লাখ ঘনফুট	০.১৩	০.১৩	০. ৫	০. ৩
১০. - মোট বিক্রয়ের অংশ	%	১০০.০০	১০০.০০	০	০
১১. মোট বিক্রয়	লাখ ঘনফুট	০.১৩	০.১৩	০.০০	০.০০
রাজস্ব					
১২. আমতঃ প্রকল্প বিক্রয়	লাখ টাকা	০.০০	০.০০	০.০০	০.০০
১৩. - একক প্রতি মূল্য	টাকা/	০.০০	০.০০	০	০
১৪. বিক্রয় রাজস্ব	লাখ টাকা	২৪৫.৭০	২৪৬.১৬	৮৪.৩৫	১৫৮.০০
১৫. -একক প্রতি মূল্য	টাকা/ঘনফুট	১৮৯০.০০	১৮৯৩.৫৪	০	০
১৬. মোট বিক্রয় রাজস্ব	লাখ টাকা	২৪৫.৭০	২৪৬.১৬	৮৪.৩৫	১৫৮.০০
১৭. -একক প্রতি গড় মূল্য	টাকা/ঘনফুট	১৮৯০.০০	১৮৯৩.৫৪	০	০

বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন
ইউনিটসমূহ
প্রাক্কলিত পরিচালন বৃত্তান্ত ২০২১-২২

চিরাইকৃত কাঠ

বিবরণ	একক	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	সাময়িক ২০১৯-২০
ব্যয়					
১৮ . প্রারম্ভিক মজুদ	লাখ টাকা	০.০০	০.০০	০.০০	০.০০
১৯ . রয়্যালটি	লাখ টাকা	০.০০	০.০০	০.০০	০.০০
২০ . -একক প্রতি রয়্যালিটি	টাকা/ঘনফুট	০.০০	০.০০	০	০
২১ . ঠিকাদার ব্যয়	লাখ টাকা	০.০০	০.০০	০.০০	০.০০
২২ . -একক প্রতি ব্যয়	টাকা/ঘনফুট	০.০০	০.০০	০	০
২৩ . জবালানি ও বিদ্যুৎ ব্যয়	লাখ টাকা	৪.১৬	৩.৭৪	১.৬০	১৭.৯৫
২৪ . -একক প্রতি ব্যয়	টাকা/ঘনফুট	৩২.০০	২৮.৭৭	০	০
২৫ . অভ্যমতরীণ কাঠ ক্রয়	লাখ টাকা	০.০০	০.০০	০.০০	২২.৫০
২৬ . - একক প্রতি ব্যয়	টাকা/ঘনফুট	০.০০	০.০০	০	০
২৭ . বাহির হতে কাঠ ক্রয়	লাখ টাকা	১৪৫.৬০	১৪৫.৬০	৫৬.০০	১০০.০০
২৮ . - একক প্রতি ব্যয়	টাকা/ঘনফুট	১১২০.০০	১১২০.০০	০	০
২৯ . মেরামত ও রক্ষণাবেক্ষণ	লাখ টাকা	১.৪৮	১.৪৮	০.৫৭	২.১৫
৩০ . -একক প্রতি ব্যয়	টাকা/ঘনফুট	১১.৩৮	১১.৩৮	০	০
৩১ . অন্যান্য পরিবর্তনশীল ব্যয়	লাখ টাকা	১৪.৭৯	১৪.৭৯	৫.৬৯	১৪.৬২
৩২ . মোট পরিবর্তনশীল ব্যয়	লাখ টাকা	১৬৬.০৩	১৬৫.৬১	৬৩.৮৬	১৫৭.২২
৩৩ . - একক প্রতি ব্যয়	টাকা/ঘনফুট	১২৭৭.১৫	১২৭৩.৯২	০	০
৩৪ . কারখানা স্থায়ী ব্যয়	লাখ টাকা	১৫.৬০	১২.০৯	৬.০০	৫.৪০
৩৫ . -একক প্রতি ব্যয়	টাকা/ঘনফুট	১২০.০০	৯৩.০০	০	০
৩৬ . মোট ব্যয়	লাখ টাকা	১৮১.৬৩	১৭৭.৭০	৬৯.৮৬	১৬২.৬২
৩৭ . - একক প্রতি ব্যয়	টাকা/ঘনফুট	১৩৯৭.১৫	১৩৬৬.৯২	০	০
৩৮ . সমাপনী মজুদ	লাখ টাকা	০.০০	০.০০	০.০০	০.০০
৩৯ . বিক্রিত দ্রব্যের ব্যয়	লাখ টাকা	১৮১.৬৩	১৭৭.৭০	৬৯.৮৬	১৬২.৬২
৪০ . -একক প্রতি ব্যয়	টাকা/ঘনফুট	১৩৯৭.১৫	১৩৬৬.৯২	০	০
৪১ . প্রশাসনিক ও বিক্রয় ব্যয়	লাখ টাকা	৩২.৬০	৪০.২২	১২.৫৪	১৪.৬৫
৪২ . বিক্রিত দ্রব্যের মোট ব্যয	লাখ টাকা	২১৪.২৩	২১৭.৯২	৮২.৪০	১৭৭.২৭
৪৩ . - একক প্রতি ব্যয়	টাকা/ঘনফুট	১৬৪৭.৯২	১৬৭৬.৩১	০	০
৪৪ . পরিচালন উদ্বৃত্ত/(ঘাটতি)	লাখ টাকা	৩১.৪৭	২৮.২৪	১.৯৫	-১৯.২৭
৪৫ . -একক প্রতি উদ্বৃত্ত/(ঘাটতি)	টাকা/ঘনফুট	২৪২.০৮	২১৭.২৩	০	০

বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন

ইউনিটসমূহ

প্রাক্কলিত পরিচালন বৃত্তান্ত ২০২১-২২

ট্রিটেড টিম্বার

বিবরণ	একক	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	সাময়িক ২০১৯-২০
পরিমাণ					
১. প্রারম্ভিক মজুদ	লাখ ঘনফুট	০.০০	০.০০	০.০০	০.০০
২. উৎপাদন/আহরণ	লাখ ঘনফুট	১.৩২	১.৩২	১.৩৫	০.৭০
৩. আমতঃ প্রকল্প ক্রয়	লাখ ঘনফুট	০.০০	০.০০	০.০০	০.০০
৪. অপচয়ের পরিমাণ	লাখ ঘনফুট	০.০০	০.০০	০.০০	০.০০
৫. অপচয়ের হার	%	০.০০	০.০০	০.০০	০.০০
৬. সমাপনী মজুদ	লাখ ঘনফুট	০.০০	০.০০	০.০০	০.০০
৭. আমতঃ প্রকল্প বিক্রয়	লাখ ঘনফুট	০.০০	১.৩২	১.৩৫	০.৭০
৮. - মোট বিক্রয়ের অংশ	%	০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০
৯. বিক্রয়	লাখ ঘনফুট	১.৩২	০.০০	০.০০	০.০০
১০. - মোট বিক্রয়ের অংশ	%	১০০.০০	০.০০	০.০০	০.০০
১১. মোট বিক্রয়	লাখ ঘনফুট	১.৩২	১.৩২	১.৩৫	০.৭০
রাজস্ব					
১২. আমতঃ প্রকল্প বিক্রয়	লাখ টাকা	১৬৭৩.৬৪	১৭০৩.৯৪	১৭৪১.০৯	১১২৯.৩৩
১৩. - একক প্রতি মূল্য	টাকা/	১২৬৭.৯১	১২৯০.৮৬	১২৮৯.৭০	১৬১৩.৩৩
১৪. বিক্রয় রাজস্ব	লাখ টাকা	০.০০	০.০০	০.০০	০.০০
১৫. -একক প্রতি মূল্য	টাকা/ঘনফুট	০.০০	০.০০	০.০০	০.০০
